



## এম আর এস ইন্ডাস্ট্রিজ লিমিটেড

বিসিক শিল্প নগরী, কুষ্টিয়া-৭০০০  
ফোন : ০৭১-৬২২৬৩, ফ্যাক্স : ০৭১-৭৩৬৩৪  
www.mrsbd.com

### নিয়োগ বিজ্ঞপ্তি

আইএসও ৯০০১:২০১৫ সনদ প্রাপ্ত দেশের স্বনামধন্য কপার ও এ্যালুমিনিয়াম ওয়্যার রড, কপার বাসবার, কপার স্ট্রীপ, প্লাইউড, পার্টিকেল বোর্ড, মেলামাইন বোর্ড, ডেনিয়ার বোর্ড, এমডিএফ বোর্ড ও পিভিসি শীট উৎপাদনকারী বি আর বি গ্রুপ এর অন্যতম প্রতিষ্ঠান এম আর এস ইন্ডাস্ট্রিজ লিমিটেড এর কার্যক্রম আরও গতিশীল ও সম্প্রসারণ কল্পে নিম্নবর্ণিত পদে সুশিক্ষিত, প্রগতিশীল, উচ্চাকাঙ্ক্ষী ও বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশের স্থায়ী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

#### ১) পদের নামঃ মহাব্যবস্থাপক (প্রশাসন)

- কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে নূন্যতম স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।
- সংশ্লিষ্ট কাজে বৃহৎ কোন শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে। প্রার্থীর কারখানা ও প্রতিষ্ঠান আইন, শিল্প ও শ্রম আইন এবং এইচ.আর.এম সম্পর্কে সম্যক ধারণা থাকতে হবে।
- প্রার্থীকে প্রতিষ্ঠানের সম্পাদিত সার্বিক কর্মকান্ডের তথা সকল বিভাগ/সেকশনের কর্মকান্ডের তদারকি, দিক-নির্দেশনা প্রদান, পরিকল্পনা প্রণয়ন, পরিচালন, নিয়ন্ত্রণ ও বাস্তবায়ন এবং ব্যবস্থাপনা কর্তৃপক্ষ এর নির্দেশে যাবতীয় দায়-দায়িত্ব পালন করতে হবে।
- বয়স : নূন্যতম ৪৫ বছর। • কর্মস্থল : কুষ্টিয়াস্থ প্রধান কার্যালয়।

#### ২) পদের নাম : মহাব্যবস্থাপক (মার্কেটিং)

- কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে এমবিএ/স্নাতকোত্তর ডিগ্রীধারী হতে হবে।
- পণ্য বিক্রয় ও বিপণন সংক্রান্ত সার্বিক বিষয়ে পরিকল্পনা প্রণয়ন, পরিচালন, নিয়ন্ত্রণ ও বাস্তবায়ন ইত্যাদি দায়-দায়িত্ব পালন করতে হবে।
- স্বনামধন্য প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- বয়স : নূন্যতম ৪৫ বছর। • কর্মস্থল : কোম্পানীর ঢাকাস্থ কার্যালয়।

#### ৩) পদের নামঃ মহাব্যবস্থাপক (ফিন্যান্স)

- কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান থেকে নূন্যতম স্নাতকোত্তর/এম.কম/এমবিএ ডিগ্রীধারী হতে হবে।
- সংশ্লিষ্ট কাজে শিল্প/বানিজ্যিক/বহুজাতিক কোম্পানীতে কমপক্ষে ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।
- প্রার্থীকে ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সহ ডিপার্টমেন্টের সার্বিক কাজের তত্ত্বাবধান করতে হবে।
- বয়স : নূন্যতম ৪৫ বছর। • কর্মস্থল : কুষ্টিয়াস্থ প্রধান কার্যালয়।

\* সকল পদের ক্ষেত্রে আলোচনা সাপেক্ষে আকর্ষণীয় বেতন-ভাতাদি নির্ধারণ করা হবে। অধিক অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য।

আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা তিন কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, নাগরিকত্ব সনদপত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং মোবাইল নম্বর উল্লেখ পূর্বক পূর্ণ জীবন বৃত্তান্ত সহ আগামী ২৫.০৮.২০১৭ইং তারিখের মধ্যে হেড অব হিউম্যান রিসোর্স ডিপার্টমেন্ট, এম আর এস ইন্ডাস্ট্রিজ লিমিটেড, বিসিক শিল্প নগরী, কুষ্টিয়া-৭০০০ এই ঠিকানায় আবেদন করতে হবে। আবেদন সংক্রান্ত তথ্যের জন্য প্রয়োজনে অফিস চলাকালীন সময়ে উপরোক্ত ফোন নম্বরে যোগাযোগ করা যাবে।

প্রয়োজনে এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার যাবতীয় ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।